

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্ল্যানিং-২
www.udd.gov.bd

স্মারক নম্বর:

২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৩১

তারিখ: ১৮ চৈত্র ১৪২৪

০১ এপ্রিল ২০১৮

বিষয়: ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের “মাতুয়াইল স্যানিটারি ল্যান্ডফিল সম্প্রসারণসহ ভূমি উন্নয়ন” শীর্ষক প্রকল্প বাস্তবায়নে বিদ্যমান ল্যান্ডফিল সংলগ্ন পূর্বপাশে অধিগ্রহণের জন্য ৮১.০৯০৯ একর জমি অধিগ্রহণের জন্য অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: ১। তাহার দপ্তরের স্মারক নং- ৪৬.২০৭.০০০.১২.০৫.৬২ (MLP) ২০১৮; তারিখ: ০১/০১/২০১৮

২। অত্র দপ্তরের স্মারক নং- ২৫.৪৫.০০০০.০০০.০১.১৭.৬১; তারিখ: ০২/১১/২০১৭


যথাযথ সম্মানপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের “মাতুয়াইল স্যানিটারি ল্যান্ডফিল সম্প্রসারণসহ ভূমি উন্নয়ন” শীর্ষক প্রকল্প বাস্তবায়নে বিদ্যমান ল্যান্ডফিল সংলগ্ন পূর্বপাশে ৮১.০৯০৯ একর জমি অধিগ্রহণের জন্য অনাপত্তি পত্র চেয়ে আবেদন করা হয় (সিটি জরীপ দাগসূচী, সংযুক্তি-১)। RAJUK এর Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাবিত জায়গাটির ভূমি ব্যবহার Urban Residential এবং Institutional Zone হিসেবে চিহ্নিত রয়েছে (সংযুক্তি-২)। Land Use Compatibility মোতাবেক বিদ্যমান ল্যান্ডফিল এর সম্প্রসারণ হতে পারে। তবে প্রস্তাবিত জমি অধিগ্রহণে মাতুয়াইল স্যানিটারি ল্যান্ডফিল এর সম্প্রসারণ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সরকারি প্রয়োজন ও জনস্বার্থে অত্র অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

শর্ত সমূহ নিম্নরূপ:

- ১। পরিবেশ সন্মতভাবে বর্জ্য পুড়িয়ে ছাই করা সহ Reduce, Reuse and Recycle (3R) বাস্তবায়ন করতে হবে।
- ২। ল্যান্ডফিল এর দূষিত পানি প্রক্রিয়া করণ পূর্বক ব্যবস্থা নিতে হবে।
- ৩। হাউজিং সংলগ্ন সীমানা বরাবর গ্রিন বেল্ট করার ব্যবস্থা নিতে হবে।
- ৪। Detailed Area Plan (DAP) ম্যাপ এ ভূমি ব্যবহার পরিবর্তন করতে হবে।
- ৫। রাজউক কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রে উল্লেখিত শর্ত অনুসরণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাপ্তী সংস্থা কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাপ্তী সংস্থা বহন করবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।



১-৪-২০১৮

উদয় শংকর দাস
সিনিয়র প্ল্যানার

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন,
ঢাকা-১০০০।

স্মারক নম্বর:
২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.৩১/১(৪)

তারিখ: ১৮ চৈত্র ১৪২৪
০১ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল,

- ১) পরিচালক, পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর [পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহ]।
- ৩) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৪) প্ল্যানার, থানা সেন্টার প্ল্যানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর



১-৪-২০১৮

মো. তানভীর হাসান রেজাউল
প্ল্যানার